

বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল
সহকারী পরিচালকের কার্যালয়
আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নওদাপাড়া, বগুড়া
মোবাইল নং- ০১৭২২-৩৯৪০৭০, E-mail- anowariu29@gmail.com

পত্র নং- বা:স্কা:রা:অ:(উন্নয়ন:)/ ২২৮(৪)/২৩

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত গাছ ব্যবসায়ীদের জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চলের আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নওদাপাড়া, বগুড়ার বিভিন্ন প্রজাতির ৬৭ (সাতষড়ি) টি গাছ নিলামের জন্য আগামী ২৪ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ রোজ রবিবার সকাল ১১ ঘটিকায়, “আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, নওদাপাড়া, বগুড়া” প্রকাশ্যে নিলাম কার্যক্রম অনুষ্ঠিত হবে। নিম্নবর্ণিত শর্তানুযায়ী নিলামে অংশগ্রহণ করার জন্য আহ্বান করা যাচ্ছে।

গাছের বিবরণ:

ক্রম	গাছের নাম	পরিমাণ	মন্তব্য	ক্রম	গাছের নাম	পরিমাণ	মন্তব্য
১	জাম	০৬ টি	০৬ টি ছোট	৬	আমলকি	০৩ টি	০৩ টি ছোট
২	কাঠাল	১৩ টি	০৪ টি মাঝারি, ০৯ টি ছোট	৭	জলপাই	০৩ টি	০৩ টি ছোট
৩	শিমুল	০৩ টি	০২ টি বড়, ০১ টি ছোট	৮	বেলজিয়াম	০৩ টি	০৩ টি ছোট
৪	মেগেনী	০৯ টি	০২ টি মাঝারি, ০৭ টি ছোট	৯	সুপারি	১৮ টি	১৮ টি
৫	আম	০২ টি	০২ টি ছোট	১০	নিম	০৭ টি	০৭ টি ছোট

শর্তাবলী:

১. নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে জামানত বাবদ নগদ ১০,০০০/- (দশ হাজার) টাকা (ফেরৎ যোগ্য) নিলাম কমিটির নিকট জমা দিতে হবে (নিলাম অনুষ্ঠানের দিন নিলাম কার্যক্রম শুরু হওয়ার পূর্বে)।
২. সর্বোচ্চ দরদাতা কর্তৃক নিলামের সমুদয় টাকা নিলাম শেষ হওয়ার ০১ (এক) দিনের মধ্যে অ্যাকাউন্ট পেয়ী চেক/ ডি.ডি. এর মাধ্যমে “সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল”- এই শিরোনামে পরিশোধ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
৩. নিলামে সর্বোচ্চ দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক সমুদয় টাকার উপর বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে।
৪. বৃক্ষরাজি বুঝে নেওয়ার পূর্বেই সর্বোচ্চ দরদাতা (ব্যক্তি/প্রতিষ্ঠান)-কে সম্পূর্ণ টাকা পরিশোধ করতে হবে।
৫. নিলাম সম্পন্ন হওয়ার ০৫ (পাঁচ) দিনের মধ্যে নিলামকৃত গাছ সম্পূর্ণরূপে অপসারণ করতে হবে।
৬. নিলামে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান প্রধানের জাতীয় পরিচয় পত্রের ফটোকপি জমা দিতে হবে।
৭. গাছ কাটার সময় সীমানা প্রাচীর বা বৈদ্যুতিক লাইন যেন ক্ষতিগ্রস্ত না হয়, ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।
৮. গাছ কাটার সময় গর্ত করলে তা অবশ্যই ভরাট করে দিতে হবে।
৯. নিলাম অনুষ্ঠানের পূর্বে অগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান আবশ্যিকভাবে নিলামের জন্য নির্বাচিত গাছ যেখানে যে অবস্থায় আছে তা সরেজমিনে দেখে যাবেন (প্রতিদিন অফিস চলাকালীন সময়ে)। যেকোন তথ্যের জন্য পত্রে দেওয়া মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে (০১৭২২-৩৯৪০৭০)।
১০. যেকোন কারন দর্শানো ব্যতিরেকে নিলাম গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

ধন্যবাদান্তে


(মোঃ আনোয়ার হোসেন)

সহকারী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, বগুড়া জোন

ও

সদস্য সচিব, “গাছ বিক্রয় ও অপসারণ কমিটি”

০১৭২২-৩৯৪০৭০

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে:

১. সদস্য (সকল), “গাছ বিক্রয় ও অপসারণ উপ-কমিটি”

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. কমিশনার, বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল;
২. আঞ্চলিক উপ-কমিশনার (উন্নয়ন), বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল;
৩. সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল;
৪. উপ-পরিচালক, বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চল;
৫. অফিস নথি।